তাং ৩০/১২/১৩
পৃঃ ১৫ - ৪

দৈনিক জনকণ্ঠ

# জেএসসি ও জেডিসির ফল পুনঃনিরীক্ষণ আজ থেকে ৫ জানুয়ারি পর্যন্ত

**স্টাফ রিপোর্টার ।** আজ ৩০ ডিসেম্বর থেকে আগামী ৫ জানুয়ারি পর্যন্ত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করা যাবে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার জানিয়েছেন, শুধু টেলিটক প্রিপেইড মোবাইল থেকে আবেদন গ্রহণ করা হবে। মোবাইলের মেসেজ অপশনে গিয়ে RSC স্পেস বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল স্পেস বিষয় কোড লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। উদাহরণ হিসেবে- ঢাকা বোর্ডের কোন পরীক্ষার্থীর রোল নম্বর 123456 হলে মেসেজ অপশনে গিয়ে RSC Dha 123456 101 (বিষয় কোড) লিখে 16222 নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে আবেদন বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর দেয়া হবে। আবেদনে সম্মত থাকলে আবারও মেসেজ অপশনে RSC স্পেস Yes পিন স্পেস কন্ট্রাক্ট নম্বর (যেকোন অপারেটর) লিখে আবার 16222 তে পাঠাতে হবে। প্রত্যেক পত্রের জন্য ১২৫ টাকা চার্জ ধরা হবে।

একটি এসএমএস দিয়ে একাধিক বিষয়ে আবেদন করা যাবে। সেক্ষেত্রে বিষয় কোডের পর কমা (,) ব্যবহার করতে হবে। যেমন- RSC স্পেস Dha স্পেস Roll স্পেস 101,102 লিখতে হবে। তবে যেসব বিষয়ের দুটি পত্র (বাংলা ও ইংরেজী) রয়েছে সেসব বিষয়ে একটি বিষয় কোড বাংলার জন্য (101) ও ইংরেজীর জন্য (107) এর বিপরীতে দুটি পত্রের জন্য আবেদন হিসেবে গণ্য হবে এবং আবেদন ফি হবে ২৫০ টাকা।